**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান বিষয়ক ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২২) সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কে এম আলী আজম<br>সিনিয়র সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৯ মার্চ ২০২২ |
| সময় | : | সকাল ১১.৩০ মিনিট |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান; এবং
গ. বিবিধ আলোচনা।

**আলোচ্যসূচি-ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-খ : পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান-**

এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ধারাবাহিকভাবে পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক ও দপ্তর/সংস্থার নাম | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br><br>(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি শুদ্ধাচার কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>(গ) ১ম ও ২য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক বিশেষ বাহক মারফত ০৭/০৩/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। | (১) বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বিপিএটি'র ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ২৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) গত ২৩ মার্চ ২০২২ তারিখ কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৪) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিপিএটিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৫) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br><br>(৬) ৩য় প্রান্তিকে ০২টি PIC ও PSC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা অর্জিত হয়েছে।<br><br>(৭) ৩য় প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ৩৫%। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন ২৪.৮০%।<br><br>(৮) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় প্রান্তিকে ০২টি দুর্নীতি বিরোধী সভা আয়োজন করা হয়েছে।<br><br>(৯) দরপত্র ও বাজেট বাস্তবায়ন অগ্রগতি ইআরপিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে ৩য় প্রান্তিকে ৬০% কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা ৬০% অর্জিত হয়েছে।<br><br>(১০) পূর্ববর্তী কোর্সের প্রশিক্ষণার্থীদের মতামত পরবর্তী কোর্সে বাস্তবায়ন বিষয়ে ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | |
| ২. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br><br>(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা বাস্তবায়িত হয়েছে।<br><br>(গ) ২য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের সকল প্রমাণক গত ২৩ ডিসেম্বর ২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (১) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী | বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বিসিএস প্রশাসন একাডেমির ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ১৬ ফেব্রুয়ারী ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণের সভা গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(৪) গত ২৮ জানুয়ারি ২০২২ তারিখে বিকাল ৪.০০ টায় কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক একটি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(৫) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিসিএস প্রশাসন একাডেমির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৬) ৩য় প্রান্তিকে একটি PIC সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। ২৭ মার্চ ২০২২ তারিখে PIC সভা আয়োজন করা হয়েছে।<br><br>(৭) ৩য় প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ৫০%। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন ৬৫%।<br><br>(৮) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় প্রান্তিকে একটি দুর্নীতি বিরোধী উদ্বুদ্ধমূলক সভার আয়োজন করা হয়েছে।<br><br>(৯) শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংক্রান্ত স্লোগান তৈরি করে বিসিএস প্রশাসন একডেমির দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে।<br><br>(১০) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ১০ মার্চ ২০২২ তারিখ বৃহস্পতিবার আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে উত্ত চর্চার অনুশীলন বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রশিক্ষণার্থীদের দৈনন্দিন কার্যক্রমে উত্তম চর্চার অনুশীলন সংক্রান্ত বিষয়াদি প্রশিক্ষণার্থীদের সামনে তুলে ধরা হয়। | সম্পন্ন করতে হবে। | |
| ৩. বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন যথাযথ বাস্তবায়ন অব্যাহত রয়েছে। | (১) বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত | বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| | (খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অনুসরণ করা হচ্ছে।<br><br>(গ) ২য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২য় প্রান্তিকের প্রতিবেদনের সাথে প্রেরণ করা হয়েছে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনর ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৪) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক ৩য় প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন ১০০%।<br><br>(৫) বিয়াম হোস্টেলে সিট বরাদ্দের ক্ষেত্রে ই-পেমেন্ট আধুনিকায়নের কাজ ৩য় প্রান্তিকর লক্ষ্যমাত্রা অনুযায়ী ৮০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৬) বিয়াম ফাউন্ডেশনে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ সফটওয়্যার চালুকরণ সংক্রান্ত কার্যক্রম ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৮০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৭) বিয়াম ক্যান্টিনের হিসাব অনলাইনে অন্তর্ভুক্তকরণ ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৮০% বাস্তবায়িত হয়েছে। | করতে হবে।<br><br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | |
| ৪. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ও ২য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভা যথাক্রমে ২৯/০৯/২০২১ ও ২৭/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ৩য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভা ২৭/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(খ) ১ম ও ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| | (গ) ১ম ও ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।<br><br>(ঘ) বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ১ম ও ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক যথাসময়ে প্রদান করা হয়েছে।<br><br>(ঙ) শুদ্ধাচার পুরস্কার আগামী জুন মাসের মধ্যে সম্পন্ন করা হবে।<br><br>(চ) কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ও ২য় প্রান্তিকের বিভাগীয় পর্যায়ে সেবা খাতে মঞ্জুরিকৃত অর্থ ও ব্যাংক হিসাব সংক্রান্ত সভা যথাক্রমে ২৯/০৯/২০২১ ও ২৭/১২/২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে এবং ৩য় প্রান্তিকের সভা ২৭/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে।<br><br>(ছ) কর্মপরিকল্পনা অনুযায়ী ভাল কাজের ভিত্তিতে ১ম ও ২য় প্রান্তিকের সেরা কর্মচারী ৩০/১২/২০২১ তারিখে নির্বাচন করা হয়েছে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ২৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) গত ১৪/০৩/২০২২ তারিখে ৩য় প্রান্তিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br><br>(৪) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৫) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br><br>(৬) সেবাগ্রহীতাদের সেবার অর্থ মঞ্জুরির বিষয়টি ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% মোবাইলে অবহিত করা হচ্ছে।<br><br>(৭) বিভাগীয় পর্যায়ে সেবা খাতের মঞ্জুরিকৃত অর্থ ও ব্যাংক হিসাবের সাথে সমন্বয় সংক্রান্ত সভা গত ২৩ মার্চ ২০২২ তারিখে আয়োজন করা হয়েছে। | প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | (৮) ভাল কাজের ভিত্তিতে ত্রৈমাসিক সেরা কর্মচারী নির্বাচন ও পুরস্কৃতকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য ৩য় প্রান্তিকে ১০ এপ্রিল ২০২২ তারিখ নির্ধারণ করা আছে। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত কার্যক্রম ০৭ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। | | |
| ৫. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা অনুযায়ী মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ১০/০৬/২০২১ তারিখের ৮২৮ সংখ্যক স্মারকমূলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ কার্যালয়ের ২৭/০৯/২০২১ তারিখের ১৬৭৮ সংখ্যক স্মারকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন, ২০/১২/২০২১ তারিখের ২৩১৯ সংখ্যক স্মারকে ২য় ত্রৈমাসিক এবং ১৪/০৩/২০২২ তারিখের ২৯৫৯ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(খ) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিজি প্রেসের মুদ্রণ কার্য সম্পাদনার্থে ০৫টি বাই কালার স্বয়ংক্রিয় পারফেক্টিং মুদ্রণযন্ত্র, ০২টি সিটিপি মেশিন ০২টি স্টিচিং মেশিন এবং ০৩টি কাটিং মেশিন স্থাপনের জন্য ২৯,৯৭,৯০,০০০/-(উনত্রিশ কোটি সাতানব্বই লক্ষ নব্বই হাজার) টাকার একটি সংশোধিত উন্নয়ন প্রকল্প (RDPP) মুদ্রণ করা হয়েছে। ইতোমধ্যে উক্ত মেশিনসমূহ ক্রয়ের লক্ষ্যে NOA জারিপূর্বক চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে এবং মেশিনসমূহ সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ২টি সিটিপি মেশিন, ২টি স্টিচিং মেশিন ও ৩টি কাটিং মেশিন আমদানির লক্ষ্যে এলসি খোলা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে বিগত ১৫/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থবছরের বরাদ্দকৃত অর্থের ৪র্থ কিস্তি বাবদ অবশিষ্ট মোট ৭,২,৭৫০/- কোটি টাকা ৩য় কোয়ার্টারে ছাড়করণের সম্মতি প্রদানের জন্য বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের প্রস্তাবের প্রেক্ষিতে বিগত ২৪/০২/২০২২ তারিখের ০৫.০০.০০০০.২৪০. ১৪.০০৯.১৭.১৩ সংখ্যক স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ ছাড়করণের সম্মতি প্রাপ্তির পর অবশিষ্ট ৫টি বাই কালার স্বয়ংক্রিয় পারফেক্টিং মুদ্রণযন্ত্র আমদানির লক্ষ্যে এলসি খোলা হবে।<br><br>(গ) ২য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩য় প্রান্তিকের সমাপ্তির পর বাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল | (১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণের একটি সভা আয়োজন করা হয়েছে।<br><br>(৪) গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক সংক্রান্ত কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>(৫) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৬) আওতাধীন আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর নির্ধারিত সময়ে ফিডব্যাক প্রদান করা হয়েছে।<br><br>(৭) ৩য় প্রান্তিকে ০২টি PIC ও PSC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। ০১টি সভা আয়োজন করা হয়েছে।<br><br>(৮) ৩য় প্রান্তিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ১০০%। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের প্রকৃত অর্জন ১০০%।<br><br>(৯) অগ্রাধিকারভিত্তিতে পেনশন নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম শতভাগ বাস্তবায়িত হয়েছে।<br><br>(১০) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় প্রান্তিকে ১০ জন কারিগরি কর্মচারীকে কারিগরি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। এ ক্ষেত্রে ২০ জন কারিগরি কর্মচারীকে ৩য় প্রান্তিকে কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>(১১) শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সহজে সেবা প্রদানের লক্ষ্যে সেবা গ্রহীতাদের নিয়ে ০১টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। যা আয়োজন করা হয়েছে।<br><br>(১২) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রয়ের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানকে প্রাধান্য দেয়া হয়। | | |
| ৬. সরকারি যানবাহন অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ ব্যবস্থা গৃহীত হয়েছে। উক্ত প্রান্তিকের শতকরা ১০০ ভাগ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে।<br><br>(খ) এই অধিদপ্তরে বর্তমানে কোন প্রকল্প চলমান নেই বিধায় বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে কোন অর্থ বরাদ্দ করা হয়নি। ফলে কোন লক্ষ্যমাত্রা নেই বা তার | (১) সরকারি যানবাহন অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সরকারি যানবাহন অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়নও প্রযোজ্য নয়।<br><br>(গ) ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২১) নৈতিকতা কমিটির সভা ১৮/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণ সভা ২১/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অধিদপ্তরের ৪০ জন কর্মচারীকে ২৫/১০/২০২১ ও ০২/১১/২০২১ তারিখে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মপরিবেশ উন্নয়ন কমিটি কর্তৃক ০১/১২/২০২১ তারিখে সভা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গৃহীত হয়েছে। ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ১০/০১/২০২২ তারিখে ওয়েবসাইডে আপলোড করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা ৩০/০৬/২০২২ তারিখে নির্ধারিত রয়েছে। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক পাঁচটি কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। ২য় প্রান্তিকের কার্যক্রমের প্রমাণক ২২২ ফর্দ যুক্ত করা হয়েছে।<br><br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, সরকারি যানবাহন অধিদপ্তর-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br><br>(১) সরকারি যানবাহন অধিদপ্তরের ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা গত ০৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণের একটি সভা ০৮ মার্চ ২০২২ তারিখে আয়োজন করা হয়েছে।<br><br>(৪) কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ০৭৪ মার্চ ২০২২ তারিখের মধ্যে অর্জিত হয়েছে।<br><br>(৫) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং সরকারি যানবাহন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(৬) জেলা পুল ও উপজেলা প্রশাসন এর গাড়ি মেরামত কার্যক্রমের স্বচ্ছতা বৃদ্ধি বিষয়ক লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিকে ১০০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৭) ৩য় প্রান্তিকের লক্ষমাত্রা মোতাবেক ভেহিক্যাল ট্রাকার রিডিং অনুযায়ী গাড়ীতে জ্বালানি সরবরাহ কার্যক্রম ৯০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৮)৩য় প্রান্তিকের লক্ষমাত্রা মোতাবেক মোবাইল এ্যাপের মাধ্যমে দ্রুততম সময়ে ব্যাটারী, টায়ার, টিউব সরবরাহ কার্যক্রম ৮০% বাস্তবায়িত হয়েছে।<br><br>(৯) গাড়ীর খুচরা যন্ত্রাংশ ক্রয়/সংগ্রহ কার্যক্রমে অনিয়ম প্রতিরোধ বিষয়ে ৩য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা | (৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>(১০) অকেজো গাড়ী নিষ্পত্তি কার্যক্রমে গতিশীলতা আনয়ন এর বিষয়ে ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৭. সরকারি কর্মচারী হাসপাতাল | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>(ক) চলতি অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের প্রতিবেদন ১৫/০৩/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে।<br>(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>(গ) ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মচারী হাসপাতাল-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে যেসকল কার্যক্রম গৃহীত হয়েছে তাহলো :<br>(১) সরকারি কর্মচারী হাসপাতালের ৩য় প্রান্তিকের নৈতিকিতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(২) প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে।<br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণের একটি সভা আয়োজন করা হয়েছে।<br>(৪) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় প্রান্তিকে ২০ জন কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। এ ক্ষেত্রে ২০ জন কর্মচারীকে ৩য় প্রান্তিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৫) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবেক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং সরকারি কর্মচারী হাসপাতালের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>(৬) সরকারি কর্মচারী হাসপাতালে ই-ফাইলিং চালুকরণ, টেলিমেডিসিন সেবার মাধ্যমে Time, Visit, cost (TVC) কমানো; প্যাথলোজিক্যাল রিপোর্ট ই-মেইলে প্রেরণ; স্টোরে স্বচ্ছতা আনয়ন; ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা প্রতিষ্ঠায় ই-টেন্ডারিং কার্যক্রম চালুকরণ; সংক্রান্ত ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | (১) সরকারি কর্মচারী হাসপাতালের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ৩য় প্রান্তিকের বাস্তবায়িত লক্ষ্যমাত্রা সমূহের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৩) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান জুন ২০২২ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নতুন নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | সরকারি কর্মচারী হাসপাতাল |

**আলোচ্যসূচি-খ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান:**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতির ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২২) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত ছক মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যেসকল লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি তা নির্ধারিত সময়ের (৩১ মার্চ ২০২২) এর মধ্যে অর্জিত হবে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রয়োজনীয় নির্দেশনা/ফিডব্যাক প্রদান করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**কে.এম আলী আজম**
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০১.২০-৬৮৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ / ৩১ মে ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :**

০১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০৫. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৬. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৮. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা/সংগঠন ও ব্যবস্থাপনা/বিধি/সিপিটি/প্রশাসন/এপিডি/শৃঙ্খলা ও তদন্ত/ আইন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা;
১০. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১১. যুগ্মসচিব (শৃঙ্খলা-১/২/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা (বিপিএটিসি/বিসিএস প্রশাসন একাডেমি/বিয়াম ফাউন্ডেশন/বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড/মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর/সরকারি যানবাহন অধিদপ্তর/সরকারী কর্মচারী হাসপাতাল);
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪. সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য); এবং
১৫. অফিস কপি/মাস্টার কপি।

31/05/2022

(মেহেদী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৪০৮১
dis3@mopa.gov.bd

**২৯ মার্চ ২০২২ খ্রি.**

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)
## ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ/২০২২)

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | | | |
| ০২. | | | |
| ০৩. | মো. আমিনুর রহমান, [illegible] | অতি: সচিব, [illegible] অনুবিভাগ | [signature] 29.3.2022 |
| ০৪. | মো: রফিকুল ইসলাম | অতিরিক্ত সচিব (প্রশাসন) | [signature] 29.3.2022 |
| ০৫. | মুহম্মাদ আল আমীন | অতিরিক্ত সচিব (উন্নয়ন) | [signature] 29.3.22 |
| ০৬. | মো: আমিনুল ইসলাম | [illegible], বিয়াম | [signature] 29/3/22 |
| ০৭. | তাহমিনা বেগম | যুগ্মসচিব (শৃঙ্খলা ও তদন্ত) | [signature] 29.03.22 |
| ০৮. | দেলোয়ারা বেগম | যুগ্মসচিব, শৃঙ্খলা-১ অধিশাখা | [signature] 29/03/2022 |
| ০৯. | [illegible] | যুগ্মসচিব, বিপিএটিসি | [signature] 29/3 |
| ১০. | ড. মোহাম্মদ কামরুজ্জামান | উপপরিচালক (প্রকাশনা), BCSAA | [signature] 29/03/2022 |
| ১১. | মোর্শেদা আখতার | যুগ্মসচিব, বিধি-২ অধিশাখা | [signature] 29.03.2022 |

**২৯ মার্চ ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**

**৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | রমেন্দ্র নাথ বিশ্বাস | রেক্টর বিপিএটিসি | [signature] 29/3/22 |
| ০২. | আ, ক, ম: নিজামুল ইসলাম | মহাপরিচালক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | [signature] 29/3/2022 |
| ০৩. | মো: তোফায়েল হোসেন | [illegible] | [signature] 29/3/2022 |
| ০৪. | মো: আবদুস সাত্তার | পরিবহন কমিশনার | [signature] 29/3/22 |
| ০৫. | ড. মোঃ সহিদ উল্যাহ | অতিরিক্ত সচিব | [signature] ২৯.০৩.'২২ |
| ০৬. | মোরশেদা ইয়াসমিন | অতিরিক্ত সচিব (স ও ব্য) | [signature] ২৯/০৩/২০২২ |
| ০৭. | মোহাম্মদ মিজানুর রহমান | যুগ্মসচিব (শৃঙ্খলা) | [signature] 29/03/2022 |
| ০৮. | | | |
| ০৯. | | | |
| ১০. | | | |

**২৯ মার্চ ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**
**৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | | | |
| ০২. | | | |
| ০৩. | | | |
| ০৪. | | | |
| ০৫. | | | |
| ০৬. | | | |
| ০৭. | | | |
| ০৮. | | | |
| ০৯. | | | |
| ১০. | ফাল্গুনী জান্নাত | উপপরিচালক (প্রশাসন) BPATC | [signature] 29/03/2022 |

**২৯ মার্চ ২০২২ খ্রি.**

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান সভায় উপস্থিত কর্মকর্তবৃন্দের হাজিরা (স্বাক্ষরের ক্রমানুসারে)**

**৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ/২০২২)**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | মো: আব্দুল বাছেত হুমায়ূন কবীর | যুগ্মসচিব (প্রশা:) | [signature] 29/3/2022 |
| ০২. | বিপ্লব চাকমা | উপসচিব (প্রশাসন-১) | [signature] 29/3/2022 |
| ০৩. | | | |
| ০৪. | | | |
| ০৫. | | | |
| ০৬. | | | |
| ০৭. | | | |
| ০৮. | | | |
| ০৯. | | | |
| ১০. | | | |